

২০২ =

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ বছরের মডস জোন-৬ এর ক্রয় পরিকল্পনার কপি।
- ২) পূর্বানুমোদিত দর।
- ৩) লিকেজ স্থানের স্থির চিত্র।
- ৪) প্রাক্কলণ।

বিষয়: Repair of Water Line in front of Wills Little Flower School and Audit Bhaban Kakrail under MODS Zone-6, Dhaka WASA.

অনুচ্ছেদ নং-১.০

মডস জোন-৬ ঢাকা ওয়াসার অন্যতম বৃহত্তম জোন। অত্র জোনের আওতাধীন মাননীয় প্রধান উপদেষ্টার বাসভবন, প্রধান বিচারপতির বাসভবন, দেশের সর্বোচ্চ আদালত, বাংলাদেশের রাষ্ট্রীয় অতিথি ভবন, সচিবালয়, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, পিজি হাসপাতাল, বারডেম হাসপাতাল সহ বহু এলাকা রয়েছে। বর্ণিত এলাকায় ১১৯ টি গভীর নলকূপ কম্পাউন্ডে বিদ্যমান মোট ১৭৩ টি গভীর নলকূপ এর মাধ্যমে পানি সরবরাহ করা হয়। উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের সামনে ঢাকা ওয়াসার পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পানি বের হওয়ায় স্থানীয় লোকজন অত্র মডস জোনের অভিযোগ কেন্দ্রে সরাসরি অভিযোগ করেন। সরেজমিনে সাইট পরিদর্শন করে অভিযোগের সত্যতা পাওয়া যায়। জরুরী ভিত্তিতে পানির লাইনের লিকেজটি মেরামত করা আবশ্যিক। তাছাড়াও অডিট ভবন, কাকরাইল এলাকায় পানির লাইনে হেভি লিকেজ হয়েছে মর্মে গ্রাহক ঢাকা অভিযোগ করেন। প্রচুর পানি বের হয়ে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে এবং যানবাহন চলাচলে সমস্যা দেখা দিচ্ছে বিধায় স্থানীয়রা জরুরী ভিত্তিতে পানির লাইনটি মেরামত করার জন্য অনুরোধ করছেন। উল্লেখ্য যে, বর্তমানে পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য কোনো ঠিকাদার নিযুক্ত না থাকায় কাজগুলো করা সম্ভব হচ্ছেনা। চলতি ২০২৫-২৬ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে অনুমোদিত হয়েছে বিধায় নথি অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। অনুমোদন পরবর্তী দরপত্র আহবান শেষে ঠিকাদার নিযুক্ত করা হবে এবং এধরনের সমস্যা ঠিকাদার কর্তৃক সমাধান করা হবে।

অনুচ্ছেদ নং-১.১

উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন-৬ এর আওতাধীন DMA-614 এর উল্লিখিত এলাকায় জরুরী পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের স্বার্থে একটি প্রাক্কলণ প্রণয়ন করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে ৳ ৪৮,৫৪৪.৭৪ (আট চল্লিশ হাজার পাঁচশত চুয়াল্লিশ পয়েন্ট সাত চার) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোনের চলতি ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত কোড নং-(০১-০৪-০০১) হতে নির্বাহ করা হবে। কাজটি জরুরী বিধায় ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি করে DPM পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। উক্ত কাজের প্রশাসনিক, কারিগরি ও আর্থিক অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ নং-১.২

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে Repair of Water Line in front of Wills Little Flower School and Audit Bhaban Kakrail under MODS Zone-6, Dhaka WASA. কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার লক্ষ্যে ৳ ৪৮,৫৪৪.৭৪ (আট চল্লিশ হাজার পাঁচশত চুয়াল্লিশ পয়েন্ট সাত চার) টাকা মাত্র এর প্রাক্কলণটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন করতঃ পি.পি.আর ২০২৫

পি.পি.আর

= ০২ =

এর বিধি ৯৯(১)/ড অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান " জাওয়ার এসোসিয়েটস " এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণে (DPM) সম্পন্ন করা যেতে পারে। যা প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হল।

PHV
20.10.25
তৌফিক আহম্মদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

AF
২০/১০/২৫
কাজী আঃ রহমান
সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬
ঢাকা ওয়াসা।

E/E
20/10/25
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা

SE, MODS code - 1

AF
20/10/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

AF
20/10/25
মোঃ ফিরোজ আলম
20/10/2025